# প্রেস বিজ্ঞপ্তি
## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৪৯টি প্রতিষ্ঠানকে ২.১৯ লক্ষ টাকা জরিমানা

**১৪ জুন ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ভোলা, মৌলভীবাজার, কিশোরগঞ্জ, যশোর, গোপালগঞ্জ ও পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে মিলিনিয়াম চাইনিজ **১০,০০০/- (দশ হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে তালুকদার বেকারীকে **৩,০০০/- (তিন হাজার)** টাকাসহ মোট **১৩,০০০/- (তের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর পল্লবী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে Care ফ্যামিলিকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে রাজধানী মিষ্টান্ন ভান্ডারকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে খানা বাসমতিকে **৮,০০০/- (আট হাজার)** টাকা এবং অভিযোগের ভিত্তিতে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে খানা বাসমতি ও নিউ ক্যাফে মিলকে যথাক্রমে **২,০০০/- (দুই হাজার)** টাকা ও **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় পণ্যের মোড়কে এমএরপি লেখা না থাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে **৪টি** প্রতিষ্ঠানকে মোট **২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর নিউ মার্কেট এলাকায় পরিমাপে কারচুপির অপরাধে মহাদেব এর মাছের দোকানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমএরপি লেখা না থাকার অপরাধে সোবহান স্টোর ও হাজী ইউসুপ আলীর মাছের দোকানকে যথাক্রমে **১,০০০/- (এক হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে নূরুলের সবজির দোকান ও আব্দুল জব্বারের মাংসের দোকানকে যথাক্রমে **৫০০/- (পাঁচশত) টাকা** ও **১,০০০/- (এক হাজার) টাকা**, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে নূরানী হোটেলকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে লাইফ কেয়ারকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৫০,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে মৌলভীবাজারের বড়লেখা উপজেলায় **১০টি** প্রতিষ্ঠানকে **১৪,৭০০/- (চৌদ্দ হাজার সাতশত)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইব্রহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের বাজিতপুর উপজেলায় **৮টি** প্রতিষ্ঠানকে **৬১,০০০/- (একষট্টি হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা এবং পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকাসহ মোট **৯৬,৭০০/- (ছিয়ানব্বই হাজার সাতশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১১টি** বাজার তদারকিতে **৪৯টি** প্রতিষ্ঠানকে মোট **২,১৯,৭০০/- (দুই লক্ষ উনিশ হাজার সাতশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ২ জন অভিযোগকারীকে মং **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, বাজার কর্মকর্তা, ক্যাব, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, সিলেট, খুলনা ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, ভোলা, মৌলভীবাজার, কিশোরগঞ্জ, যশোর, গোপালগঞ্জ ও পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, ভোলা, মৌলভীবাজার, কিশোরগঞ্জ, যশোর, গোপালগঞ্জ ও পটুয়াখালী।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।